দৈনিক বাংলা

30

তারিখ ... 27 JAN 1996

পৃষ্ঠা ৩২ কলাম ৬

## ব্যয় ৯ কোটি টাকা

# রাজবাড়িতে এক্রোবেটিক প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন

রাজবাড়ি : রাজবাড়িতে প্রায় সাড়ে ৯ কোটি টাকা ব্যয়ে আধুনিক সুযোগ-সুবিধাসহ একটি পূর্ণাঙ্গ এক্রোবেটিক প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করা হবে। সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম গতকাল রাজবাড়িতে এক্রোবেটিক ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমীর মহাপরিচালক মোবারক হোসেন খান এ সময় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

ফাইন ও পারফর্মিং আর্ট প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ইনস্টিটিউটটি প্রায় দেড় একর জমির উপর নির্মাণ করা হবে। এতে একটি এক্রোবেটিক প্রশিক্ষণ হল, প্রশিক্ষণার্থীদের জন্য আবাসিক হোস্টেল, প্রশিক্ষকদের জন্য আবাসন, প্রশাসনিক ভবনসহ বিভিন্ন সুযোগ-সুবিধা থাকবে।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, এ প্রকল্প বাস্তবায়িত হলে শিল্পকলার সম্ভাবনাময় এক্রোবেটিকস বিকাশের পাশাপাশি বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। তিনি বলেন, ইতোপূর্বে বিদেশী প্রশিক্ষকদের তত্ত্বাবধানে এক্রোবেটিকসে প্রশিক্ষিত তরুণ-তরুণীরা দেশী বিদেশী সকলের নিকট সুনাম অর্জন করতে সক্ষম হয়েছে। তিনি বলেন, তাঁরা প্রমাণ করেছে সুযোগ পেলে এদেশের সম্ভাবনাময় তরুণ-তরুণীরা নিজেদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করতে পারে।